



নং:১৮.১৭.০০০০.৪০০.০৭.০০৭.১৬ /১৬৬৬

তারিখঃ ২৫-০৩-২০২০খ্রিঃ

### সচেতনতামূলক জরুরী নৌ বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে নিরাপদ নৌপরিবহন ব্যবস্থা সুনিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ অতিরিক্ত সতর্কতা অবলম্বনের জন্য নৌপরিবহন অধিদপ্তরের পক্ষ হতে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে :-

#### যাত্রীদের প্রতি নির্দেশনা :

- জরুরী প্রয়োজন ছাড়া লঞ্চ ভ্রমণ করা থেকে নিজেকে বিরত রাখুন।
- লঞ্চে উঠার পূর্বে ও নামার পরে জীবানুনাশক/সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ধুয়ে নিন।
- নিয়মিত বিরতিতে হাত ধোয়ার জন্য হ্যান্ড স্যানিটাইজার/পানির বোতল সাথে রাখুন।
- জ্বর, হাঁচি কাশি ইত্যাদি নিয়ে লঞ্চে উঠবেন না।
- হাঁচি/কাশি দেয়ার পূর্বে রুমাল/টিস্যু/হাতের বাহু দিয়ে মুখ ঢাকুন।
- ব্যবহৃত টিসু ঢাকনামুক্ত নির্ধারিত স্থানে ফেলুন।
- নৌযানের অভ্যন্তরে ও যেখানে সেখানে কফ ও থু-থু ফেলবেন না।

#### নৌযান মালিকদের প্রতি নির্দেশনা :

- প্রতিটি ট্রিপের শেষে জীবানুনাশক দিয়ে লঞ্চার মেইন ডেকসহ সকল কেবিন, মাস্টার ব্রীজসহ সকল রেলিং ভালভাবে পরিষ্কার করা।
- প্রতিযাত্রীর পূর্বে খোলা ডেক, রেলিং ও কেবিনসমূহ জীবানুনাশক স্প্রে সাহায্যে জীবানুমুক্ত করা।
- ট্রিপ শেষে লঞ্চটি জীবানুনাশক দ্বারা ভালভাবে ধোঁত করা।
- নিয়মিতভাবে মাস্টার, ড্রাইভারসহ সকল নাবিকদের স্বাস্থ্য পরীক্ষা করা। রোগের উপসর্গ দেখা মাই নাবিককে হোম কোয়ারেন্টিন এ পাঠানো।
- প্রতিটি লঞ্চে জীবানুনাশক/সাবান/হ্যান্ড/স্যানিটাইজার/ডেটল/টিস্যু পেপার ইত্যাদি সরবরাহ নিশ্চিত করা।
- নদী বন্দরে প্রতিটি লঞ্চে যাত্রী উঠানোর পূর্বে ডিজিটাল থার্মোমিটারের মাধ্যমে যাত্রীদের দেহের তাপমাত্রা পরীক্ষা করা।
- করোনা ভাইরাস কিভাবে সংক্রমিত হয় তা ভিডিও ক্লিপের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা।
- সাধারণ খোলা ডেকে যাত্রীরা যাতে দূরত্ব বজায় রেখে বসে সে ব্যবস্থা করা।

#### মাস্টার/ড্রাইভারসহ সকল নাবিকদের প্রতি নির্দেশনা :

- নৌযাত্রীর পূর্বে ও নামার পরে জীবানুনাশক/সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত জীবানুমুক্ত করা।
- যাত্রী উঠানোর সময় যাত্রীর স্পর্শ পরিহার করা।
- কোন যাত্রী করোনা ভাইরাস আক্রান্ত বলে সন্দেহ হলে তাকে নৌযানে উঠা থেকে বিরত রাখা।
- ভাড়ার টাকা পৃথকভাবে রাখা। টাকা স্যানিটাইজার দিয়ে জীবানুমুক্ত রাখা এবং হ্যান্ড গ্লোভস ব্যবহার করা।

#### বন্দর কর্মকর্তাদের প্রতি নির্দেশনা :

- প্রতিটি নৌ বন্দরে সার্বক্ষণিক হাত ধোয়ার ব্যবস্থা রাখা।
- নৌ টার্মিনালসমূহে জরুরী ভিত্তিতে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ কেন্দ্র স্থাপন করা।

স্বাস্থ্যসম্মত, সুস্থ ও নিরাপদ নৌযাত্রা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা যাচ্ছে।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (টোজ) এনডিসি, পিএসসি, বিএন  
মহাপরিচালক

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থার জন্য-

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ)সংস্থা, ১৪, পুরানা পল্টন, দারুস সালাম আর্কেড (৫মতলা), ঢাকা।
- ২। সভাপতি, বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, বিআইডব্লিউটিএ টার্মিনাল ভবন, নীচতলা, সদরঘাট, ঢাকা।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন ৩১/৩২, পি.কে. রায় রোড, বাংলাবাজার, ঢাকা।

আপনার সমিতিভুক্ত সকল নৌযানের মালিক ও  
মাস্টারদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য  
অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যকর ব্যবস্থার জন্য-

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

সংশ্লিষ্ট সকল বন্দর কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ সহ

অনুলিপিঃ অবগতি জন্য

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।